



# BKMEA

Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

বিকেএমইএঃ ৯০০/অবহিতকরণ/সার্কুলার/২০২৪/১০/১০৫৮৯

তারিখ: ২৭ নভেম্বর, ২০২৪

## সম্মানিত সদস্যের জন্য

বিষয়: বিকেএমইএ'র সম্মানিত সদস্যদেরকে ASCM Dictionary Contest - এ অংশগ্রহণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, বিকেএমইএ এবং অ্যাসোসিয়েশন ফর সাপ্লাই চেইন ম্যানেজম্যান্টের (ASCM) বাংলাদেশের একমাত্র অনুমোদিত প্রতিষ্ঠান একাডেমি অফ গার্মেন্টস টেকনোলজি বাংলাদেশের GarmentTechBD যৌথ উদ্যোগে গৃহীত ASCM Dictionary Contest- বিকেএমইএ'র সকল সদস্যদের অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করেছে। আন্তর্জাতিক অঙ্গণে সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সম্পর্কিত বিভিন্ন শব্দ ও টার্ম নিয়ে কিভাবে কাজ করা যায় সেটিই এই প্রতিযোগিতার মূল উদ্দেশ্য। যা আপনার প্রতিষ্ঠানের মধ্যে লুকায়িত প্রতিভা এবং দক্ষতাকে আন্তর্জাতিক পর্যায়ে প্রদর্শনের প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে।

● প্রতিযোগিতায় আপনার প্রতিনিধি নির্বাচন পদ্ধতি:

ASCM Dictionary Contest প্রতিযোগিতাটি বাংলাদেশের স্থানীয় এবং হংকং আঞ্চলিক কেস কম্পিটিশনের সাথে যুক্ত, যেখানে নির্বাচিত সেরা প্রতিনিধিরা তাদের প্রতিভা আন্তর্জাতিক অঙ্গণে প্রদর্শনের সুযোগ পাবেন। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য আপনার প্রতিষ্ঠানের নিম্নলিখিত বিভাগগুলো থেকে ইংরেজি ভাষায় দক্ষ ও আত্মবিশ্বাসী প্রতিনিধিদের নির্বাচন করার জন্য অনুরোধ করা হলো:

১. সাপ্লাই চেইন
২. প্রোকিউরমেন্ট
৩. মার্কেটিং অ্যান্ড সেলস
৪. অপারেশনস
৫. প্রোডাকশন
৬. ফিন্যান্স অ্যান্ড অ্যাকাউন্টিং
৭. মানবসম্পদ
৮. অ্যাডমিন অ্যান্ড কমপ্লয়েন্স
৯. লজিস্টিকস
১০. ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং
১১. প্ল্যানিং

এই বিভাগগুলো থেকে আপনার ইচ্ছা ও প্রতিযোগীর যোগ্যতার ভিত্তিতে প্রতিনিধি মনোনীত করতে পারবেন।

বি.দ্র.: প্রতিনিধির সংখ্যার ব্যাপারে কোনো বাধ্যবাধকতা নেই।

Head Office : BKMEA Bhaban, 53, 54 Nawab Salimullah Road, Chashara, Narayanganj-1400, Bangladesh.  
Phone : +880 2 224431857, 224435535, 7641295, Fax : +880 2 7630609

Dhaka Office : Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Bangla Motor, Dhaka-1000, Bangladesh.

Phone : +880 2 223362257, 58615910, 58615964, 223360498, Fax : +880 2 9677337

Chattogram Office : S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chattogram, Bangladesh.

Phone : +88 02 333324342, +88 02 333324345, +88 031724726, Fax : +88 02 333324345

E-mail : info@bkmea.com, bkmea@bangla.net, bkmeactg@bbts.net Log on : www.bkmea.com



# BKMEA

Bangladesh Knitwear Manufacturers & Exporters Association

- প্রতিযোগিতার সময়সীমা ও অংশগ্রহণের বিবরণ:

ASCM Dictionary Contest - এ আবেদনের প্রক্রিয়া, সময়সীমা ও পরীক্ষার তারিখ উল্লেখ করে প্রতিযোগিতা সম্পর্কিত যাবতীয় তথ্য সংযুক্তিসহ একটি সার্কুলার ইমেইল আকারে আপনার কারখানার অফিশিয়াল ইমেইল অ্যাড্রেসে বিকেএমইএ থেকে প্রেরণ করা হবে।

- অংশগ্রহণের ফি:

বিকেএমইএ'র সদস্য প্রতিষ্ঠান এই প্রতিযোগিতায় বিনামূল্যে অংশগ্রহণ করতে পারবে। তবে সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে সামাজিক কর্মকাণ্ডে জড়িত যেকোনো এনজিও-তে প্রতি প্রতিযোগী বাবদ ১০ মার্কিন ডলার অনুদানের জন্য প্রতিষ্ঠানের প্রতি আহ্বান জানানো হচ্ছে।

বি.দ্র.: এই অনুদান সম্পূর্ণ ঐচ্ছিক।

প্রতিযোগিতায় অংশগ্রহণ সংক্রান্ত যেকোনো সহযোগিতা বা জিজ্ঞাসা থাকলে বিকেএমইএ'র / GarmentTechBD এর নিম্নোক্ত কর্মকর্তার সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা যাচ্ছে।

| নাম ও পদবী   | ই-মেইল                         | মোবাইল       |
|--|--------------------------------|--------------|
| ইঞ্জি: সাইদুর রহমান,<br>প্রশিক্ষক<br>প্রডাক্টিভিটি ইমপ্রুভমেন্ট<br>সেল | saidur.bkmea@gmail.com         | ০১৭৮৬-৪৭৭৭৬৭ |
| ইঞ্জি: তানভির কবীর খান<br>প্রডাক্টিভিটি ইমপ্রুভমেন্ট<br>সেল            | tanvirbkmea@gmail.com          | ০১৫৫৮-৯৭১৫৯১ |
| মোঃ পান্না রহমান<br>প্রজেক্ট লিডার<br>GarmentTechBD                    | panna.rahman@garmenttechbd.org | ০১৭৫৫৫-৩৭২২২ |

আমরা আশা করি, দেশের নিটওয়্যার খাতের বিকাশে আপনি আপনার প্রতিষ্ঠানের দক্ষ, মেধাবী ও যোগ্য কর্মীদের এই প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ দিয়ে বিশ্ব দরবারে বাংলাদেশকে অনন্য উচ্চতায় পৌঁছাতে অগ্রণী ভূমিকা রাখবেন-এই প্রত্যাশা করছি।

উল্লিখিত সার্বিক অবস্থার প্রেক্ষিতে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংযুক্তি আকারে পত্রটি প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

মো: মাহবুবুর রহমান

প্রশাসনিক কো-অর্ডিনেটর (ভারপ্রাপ্ত)

বিকেএমইএ।

Head Office : BKMEA Bhaban, 53, 54 Nawab Salimullah Road, Chashara, Narayanganj-1400, Bangladesh.

Phone : +880 2 224431857, 224435535, 7641295, Fax : +880 2 7630609

Dhaka Office : Planners Tower (4th Floor), 13/A, Sonargaon Road, Bangla Motor, Dhaka-1000, Bangladesh.

Phone : +880 2 223362257, 58615910, 58615964, 223360498, Fax : +880 2 9677337

Chattogram Office : S. Alam Center (3rd Floor) 58, Agrabad C/A, Chattogram, Bangladesh.

Phone : +88 02 333324342, +88 02 333324345, +88 031724726, Fax : +88 02 333324345

E-mail : info@bkmea.com, bkmea@bangla.net, bkmeactg@bbts.net Log on : www.bkmea.com